

কত জন্ম জন্মান্তরে হে, কত জন্ম জন্মান্তরে, কর্মফেরে
ঘুরে মরি তবু না হয় মনে ॥

১। আমার কলুষিত চিত্ত হে, আমার কলুষিত চিত্ত,
না হয় বিকশিত,
বঞ্চিত হয় প্রেম আলাপনে ।

থুয়ে নামামৃত ফল, রসনা কেবল, মন্তুঅবিরত গরল পানে ॥

২। ধন্য দশরথের ব্যাধি হে, ধন্য দশরথের ব্যাধি হে
অনাদির আদি

প্রাপ্ত হ'লো তোমার ব্যাধির গুণে ।

ধন্য মালাবতী সতী, কিবা ভাগ্যবতী,

শ্রীচরণ সেবিকা স্বামীর সনে ॥

৩। ধন্য ওড়াকান্দী ধন্য হে, ধন্য ওড়াকান্দী ধন্য, পশুপক্ষী ধন্য,
ধন্য কীট-পতঙ্গগণে ।

তারা সাধনেরই ধন ব্রহ্ম সনাতন, স্বচক্ষে দেখেছে বর্তমানে ॥

৪। দয়াল গুরুচাঁদে বলে হে, দয়াল গুরুচাঁদে বলে হে
কি হ'বে দেখিলে

ভক্তি-রতন না থাকিলে ।

ডেকে হরিবর কয় রূপে ! মন প্রাণ সঁপে,

বাঁপ দে সাধ থাকিলে মনে ॥

---রূপচাঁদ



৮১ নং

তাল—একতালা

গুরু আমার সব গিয়াছে তব চরণ ভূলে ।

আমি দুধ, ঘি দিয়ে ভুজঙ্গ পুষলেম সেও দংশিল তালুমূলে ॥